টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ৬ই আশ্বিন বুধবার, ১৩৭৭ ইং 23rd Sept. 1970 | ১৯শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার স্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ প্রাইভেট লিঃ

বন্যাক্লিষ্ট জনসাধারণের পাশে দাঁড়ান
মুক্তহস্তে তাদের সাহায্য করুন।




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

বাবু চেয়ে বাবু গিন্নী ঠাকুরাণী
নাকের ডগায় রাগ,
খোকার ন্যাকড়া দেখিতে কাচিলে
বলেন—হিঁয়াসে ভাগ।
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৬ই আশ্বিন বুধবার সন ১৩৭৭ সাল।

## ॥ কেরল ও পশ্চিমবঙ্গ ॥

কেরলে আবার অন্তর্বর্তী নির্বাচন হইয়া গেল। ইহাকে কেন্দ্র করিয়া বেশ কিছুদিন হইতে নানা জল্পনা-কল্পনা চলিয়াছিল ; এখন তাহার অবসান হইয়াও হয় নাই ; গতি ভিন্ন দিকে গিয়াছে মাত্র। আসন কাড়িবার পালা সমাপ্ত ; এখন কে কোন্ আসনে বসিবেন ইহাই মূল প্রশ্ন। সাম্প্রতিক নির্বাচন কেরল রাজনীতির রঙ্গমঞ্চের কিছুটা হেরফের ঘটাইয়াছে। শ্রীনামবুদিরিপাদ প্রমুখ সি, পি, এম দল এবারে তেমন সুবিধা করিতে পারেন নাই। তাঁহাদের আসন সংখ্যা কমিয়াছে। ১৯৬৭ এর নির্বাচনে তাঁহারা পান ৫২টি আসন, এবারে পাইয়াছেন ২৮টি। প্রতিদ্বন্দ্বী সি, পি, আই পাইয়াছেন ১৬টি এবং নব কংগ্রেস ৩২টি। একক সংখ্যাগরিষ্ঠতা কোন দলই লাভ করিতে পারেন নাই। সুতরাং কেরলের শাসনভার জোটধর্মিতাকে বাদ দিয়া কেহ গ্রহণ করিতে পারেন না।

তাই আরম্ভ হইয়াছে নির্বাচনোত্তর বৈঠক। সেপ্টেম্বরের মধ্যেই নূতন মন্ত্রীসভা গঠন করার কথা বলা হইয়াছে। সুতরাং তাহা কীভাবে সম্ভব, তাহারই সূত্র আবিষ্কারের সর্বপ্রকার চেষ্টা চলিতেছে। অবস্থা যাহা দাঁড়াইয়াছে, তাহাতে কোয়ালিশন সরকার অথবা সি, পি, আই পরিচালিত সরকারে নব কংগ্রেসের সমর্থন—ইহার মধ্যে যে কোন একটি নীতি অবলম্বিত হইতে পারে। সি, পি, এম এবং আর কয়েকটি ছোটখাট দল বিরোধীর ভূমিকায় থাকিবেন। বার জন নির্দল সদস্যদের কতজনকে দলে টানা যায়, ইহার চেষ্টা উভয় পক্ষেরই থাকিবে।

রাজনীতির খেলা বহুমুখী। কেরলে নির্বাচনের পূর্বে প্রধানমন্ত্রী বলেন যে, সি, পি, আই প্রভাবপুষ্ট ফ্রন্টের সঙ্গে নব কংগ্রেস কোনও রকম বোঝাপড়ায় আসেননি। আবার বাংলা মুল্লুক ছাড়িয়া কেরলে গিয়া তিনি যে বাণী দিলেন, তাহা কম চমকপ্রদ নহে। তিনি বলিয়াছিলেন যে, যে সব দল কেন্দ্রীয় সরকারকে সমর্থন করেন, জনগণ যেন তাঁহাদের আনুকূল্য ( মদত ? ) দান করেন। সি, পি, আই প্রভাবিত ফ্রন্টের অংশীদার দলগুলির সহিত তিনি কেরলে উঠিয়াছেন, বসিয়াছেন। সুতরাং ইহা বুঝা কষ্টকর নয় যে, কেরলের এই নির্বাচন নব কংগ্রেস এবং সি, পি, আই ও তৎসমর্থক দলসমূহের সম্মিলিত শক্তির সহিত সি, পি, এম ও অন্যান্য কয়েকটি দলের একটি যুদ্ধ বিশেষ। আদি কংগ্রেস ৪১টি প্রার্থী দিয়াও একটি আসনও পান নাই। ইহাও লক্ষ্য করিবার বিষয় বৈকি। তাই কেরল নির্বাচনে ইন্দিরা কংগ্রেসের জয়-জয়কার।

রাজনীতিকদের ধারণা, কেরলের নির্বাচনী প্রভাব পশ্চিমবঙ্গের আগামী অন্তর্বর্তী নির্বাচনে ( যদি হয় ) পড়িতে পারে। কিন্তু কেরল আর পশ্চিমবঙ্গের চিত্র কি এক ? যে সমস্ত সমস্যায় পশ্চিমবঙ্গ আজ কণ্ঠাগতপ্রাণ, তাহা কেরলে আছে কি ? এখানে সবচেয়ে বড় প্রশ্ন সর্বস্তরের মানুষের নিরাপত্তার ব্যাপারটি। কি পথচারী, কি বিশেষ কোন রাজনৈতিক দলের সমর্থক, কি ব্যবসায়ী, কি পুলিশ—আজ যে কোন জায়গায়, যেমনভাবেই হউক—মৃত্যুবরণ করিতেছেন। শিকায় উঠিয়াছে রাজ্যের অন্নবস্ত্র-শিক্ষা-বেকার সমস্যার মোকাবিলা। প্রতিদিনই সংবাদপত্র খুন-জখমের সংবাদ সরবরাহ করিতেছে। আমাদের গণতন্ত্র নারদীয়। হাজারটি দলের হুজ্জৎ-হাঙ্গামা নির্দ্বিধায় চলিতেছে মৃত্যুবরণ তাহারই ফলশ্রুতি। তাই বিপর্যস্ত জনজীবন। ইহার প্রতিবিধানের কোন চিন্তা-ভাবনা কাহারও নাই। দলমত নির্বিশেষে সাধারণ মানুষের বাঁচার কথা না ভাবিয়া এক সর্বাত্মক ধ্বংসকারী রাজনীতির খেলায় সব মত্ত। এহেন পরিস্থিতিতে কেরলের নির্বাচনী-চশমা চোখে দিয়া যাঁহারা পশ্চিমবঙ্গকে দেখিতে চান, দেখুন, আমাদের আপত্তি কি ? জনগণ ইঁহাদের শুধু রাজনীতির জুয়াড়ী বলিয়া চিনিয়া রাখিবেন।

---

### বেতন না পাওয়ায় অভিযোগ-সভা

গত ২০শে সেপ্টেম্বর রবিবার বৈকালে রঘুনাথগঞ্জ সদর ঘাটে জঙ্গিপুর পৌর এলাকার শিক্ষক শিক্ষিকা-গণ গত জুলাই মাস হইতে বেতনাদি না পাওয়ার অভিযোগে এক সভা অনুষ্ঠিত হয়। শ্রীগঙ্গাধর সিংহ রায় মহাশয় উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় জনসমাবেশ আশানুরূপ হয় নাই।

### বিক্ষোভ মিছিল

গত ২রা সেপ্টেম্বর ফরাক্কা থানা ১২ই জুলাই কমিটির ডাকে মুর্শিদাবাদ জেলা ১২ই জুলাই কমিটির যুগ্ম-আহ্বায়ক হিমাংশু মুখার্জী সহ ধৃত রাজ্য সরকারী কর্মচারী ও শিক্ষক নেতাদের অবিলম্বে বিনাসর্তে মুক্তির দাবীতে এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। ঝড় বৃষ্টির মধ্যেও সাইকেল মিছিল ফরাক্কা হইতে বেনিয়াগ্রাম অভিমুখে রওনা হয় এবং সেখানে বি, ডি, ও অফিসে বিক্ষোভ দেখানোর পর ১২ই জুলাই কমিটির পক্ষ থেকে একটি স্মারক-লিপি পেশ করা হয়। অফিস ছুটির পর ফরাক্কা ব্যারেজের জেনারেল ম্যানেজারের অফিসের সামনে বিক্ষোভ জানানর পর জেনারেল ম্যানেজারের অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত অফিসারের নিকট এবং ফরাক্কা থানার ভারপ্রাপ্ত অফিসারের নিকট অনুরূপ স্মারক-লিপি পেশ করা হয়। বি, ডি, ও অফিসের সামনে, ফরাক্কা থানার সামনে জনসমাবেশে ভাষণ দেন ফরাক্কা থানা ১২ই জুলাই কমিটির যুগ্ম-আহ্বায়ক ও রাজ্য কো-অর্ডিনেশন কমিটির ফরাক্কা থানা সম্পাদক সুবোধ ঘোষ, অন্যতম যুগ্ম-আহ্বায়ক অনুপ মৈত্র ও ফরাক্কা ব্যারেজ ষ্টাফ এসোসিয়েশনের সম্পাদক ও ১২ই জুলাই কমিটির অন্যতম নেতা সুখময় বসু।

## মনুষ্য খাদ্যের অযোগ্য

# চাউল

ফুড কর্পোরেশনের রঘুনাথগঞ্জ গুদাম হইতে স্থানীয় রেশন ডিলারদের যে চাউল দিবার ব্যবস্থা হয়েছে তাহা মনুষ্য খাদ্যের সম্পূর্ণ অযোগ্য। ডিলারগণ গুদামের ভারপ্রাপ্ত কর্ম্মচারী শ্রীজিতেন্দ্রনাথ ঘোষকে চাউলের কথা বলেন। চাউল সম্বন্ধে তিনি কোন কথা শুনিতে রাজী হন না। তিনি বলেন সি-আই শ্রীবড়ালের নির্দ্দেশ মত এই চাউলই লইতে হইবে। কোন আপত্তি শুনিব না।

সকাল হইতে বৈকাল পর্য্যন্ত রেশন ডিলাদের ৬৩ খানি গো-গাড়ী গুদাম সীমানায় অপেক্ষা করিতে বাধ্য হয়। এই কদর্য্য চাউল প্রতিকেজি ১.৪১ পয়সা দরে জনগণ রেশন ডিলারদের মাধ্যমে ক্রয় করিতে বাধ্য হইবেন। জঙ্গিপুর মহকুমার চারিদিকে কলেরা ব্যাধি সংক্রামকভাবে দেখা দিয়াছে। এই চাউলের দৌলতে উক্ত ব্যাধি ক্রমশঃ বৃদ্ধি পাইবে।

উপরোক্ত বিষয়ে মুর্শিদাবাদের মাননীয় জেলা-শাসক ও জঙ্গিপুরের মহকুমা-শাসক মহাশয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## আছে গরু না বহে হাল তার দুঃখ চিরকাল

জঙ্গিপুর মহকুমার সদর শহর রঘুনাথগঞ্জে ডাক-বাংলার সীমানায় মুর্শিদাবাদ জেলা পরিষদের এক অফিসে বেতনভোগী একজন সব-ওভারশিয়ার, দুইজন রোড সরকার ও একজন পিয়ন আছে। উক্ত কর্ম্মচারীদের সুষ্ঠুভাবে কার্য্য পরিচালনার নমুনা—জরুর-আথুয়া রাস্তায় রমনা গ্রামের মধ্যে কাদায় পথচারীদের পায়ের হাঁটু ডুবে যাচ্ছে। বন্যেশ্বর-হাজীপুর রাস্তায় 'বন্যেশ্বর' শিবমন্দিরের অনতিদূরে দক্ষিণগ্রামের দীঘির জলে ও বৃষ্টির জলে রাস্তায় কোমর জল।

উপরোক্ত রাস্তা দুইটির সংস্কার সম্বন্ধে জেলা পরিষদের সুযোগ্য একজিকিউটিভ অফিসার ও চেয়ারম্যান সাহেবের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## জঙ্গিপুর মহকুমায় রেশনে চিনি বন্ধ হওয়ার কারণ কি?

দীর্ঘদিন ধরিয়া জঙ্গিপুর মহকুমার শহর ও পল্লী অঞ্চলে রেশনে চিনি পাওয়া যাচ্ছে না। এই জেলার অন্যান্য মহকুমায় মাথা পিছু ৩০০ গ্রাম হিসাবে চিনি বরাদ্দ হয়েছে। এই মহকুমায় 'ভাঁড়ে মা ভবানী'। হিন্দু জনগণের প্রধান পর্ব্ব শারদীয়া মহাপূজা আগতপ্রায়। এই পর্ব্বেও চিনি পাওয়ার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। কর্ত্তৃপক্ষের এ বিষয়ে লক্ষ্য নাই। তাঁদের ঔদাসীন্যের কারণ কি?




কেরলে মন্ত্রিসভা গঠন সহজ হবে না

—সংবাদের হেডলাইন।

'কেরলে গরল করেছি পান,
কোয়াল্ করিব কেমনে?'

* * *

শহরের পৌর-প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষকেরা দীর্ঘদিন অবেতনে কাজ করিতেছেন।

বিদ্যালয়গুলি যে অবৈতনিক।

* * *

তিনজন মুণ্ডিত মস্তক গৈরিকধারী বিদেশী কৃষ্ণভক্ত খোল-করতাল সহযোগে নাম-গানে চৌরঙ্গী মুখর করে তোলেন।

চৌরঙ্গী নে ক্যা পুকারা? 'রঙ্গীন জলে মিশিল আঁখিজল'।

* * *

'জোড়াবাগানে লাল হেলমেট পরে পুলিশের সঙ্গে লড়াই'—সংবাদ।

'লাল ফৌজ' এর দিনগুলি মনে পড়ছে।

* * *

বন্যার ফলশ্রুতি কী?

খাদ্য-পানীয়-ওষুধ আর আশ্রয়ের জন্যে হন্যে হওয়া।

* * *

মালয়ের খবর: আহম্মদ বিন হাজী নামে এক চিকিৎসা ব্যবসায়ী তাঁর ৮০ বছর বয়সের মধ্যে ৭৭টি মেয়েকে বিয়ে করেন।

এঁর সম্বন্ধে বলা যায়—এক লক্ষ পুত্র, আর সওয়া লক্ষ নাতি। হাজী সাহেবকে 'আস্‌সালামো আলাইকুম' জানান দরকার।

---

# বিজ্ঞপ্তি

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

মোঃ নং ১৫১/১৯৭০ T. S.

বাদী—বাবুরগ্রামের জনসাধারণ পক্ষে ও স্বয়ং খলিলুর রহমান

বিবাদী—সাদেমানী মণ্ডল দিং

এতদ্দ্বারা থানা সাগরদীঘি অধীন বাবুরগ্রাম জনসাধারণকে অবগত করা যাইতেছে যে উপরোক্ত বাদী স্বয়ং ও গ্রামবাসী পক্ষে বিবাদীগণের বিরুদ্ধে বাবুরগ্রাম মৌজার ৫৭৬নং দাগ গ্রাম্য জনসাধারণের জুম্মা মসজিদে গমনাগমনের রাস্তা ও ব্যবহৃত স্থান হওয়া সাব্যস্তে এবং যাহাতে বিবাদীগণ উহাতে কোন অবরোধের সৃষ্টি করিতে না পারে বা বেড়া দিতে না পারে তন্মর্ম্মে চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে নালিশ দায়ের করিয়াছেন। এমতে উক্ত বাবুরগ্রাম জনসাধারণ পক্ষে যে কেহ বাদী বা বিবাদী শ্রেণীভুক্ত হইয়া আত্মপক্ষ সমর্থনের ব্যবস্থা আগামী ৭।১১।৭০ তারিখে করিতে পারেন।

অদ্য সন ১৯৭০ সালের ১৫/৯ তারিখে আমার স্বাক্ষর ও মোহরযুক্ত মতে দেওয়া গেল।

By Order

Sd/- S. K. Sarkar, Sheristadar,
2nd Munsif's Court, Jangipur

---

# লালঝাণ্ডা

গত ২২শে সেপ্টেম্বর রাত্রি আন্দাজ পৌনে দুইটার সময় জঙ্গিপুর কলেজের ২নং কলেজ হোষ্টেলে কে বা কাহারা লালঝাণ্ডা টাঙ্গাইয়া দেয় এবং পালাবার সময় দু'টো পট্‌কা ফাটিয়ে প্রস্থান করে। ছাত্রাবাসের ছাত্ররা —পর পৃষ্ঠায় দেখুন

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

### জবাকুসুম
কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B

---

## ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |


---

তৃতীয় পৃষ্ঠার জের

সকালে দেখামাত্র ক্ষুব্ধ হন এবং অধ্যক্ষ মহাশয়কে জানিয়ে থানায় পুলিশের সাহায্যের জন্য ফোন করেন তখন প্রায় সাড়ে সাতটা। বেলা বারোটার সময়ও পুলিশ ব্যাপারটিকে গুরুত্ব না দিয়ে না আসাতে কলেজের বহু ছাত্র মিলে পতাকাটি নামিয়ে দেন এবং স্থানীয় ছাত্ররা সাহস দেন বহিরাগত ছাত্রদের। পরদিন সকালে পুনরায় হোষ্টেলের প্রধান গেটে 'দেশব্রতী' পত্রিকা সাঁটানো দেখা যায় বলে প্রকাশ। এ ব্যাপারে উল্লেখ্য যে, কিছুদিন আগে নকশালদের একটি বেনামী চিঠি জঙ্গীপুর কলেজের অধ্যক্ষ মহাশয় পান, তাতে তাঁকে গান্ধীজীর ছবি না টাঙ্গানোর ও কলেজ যথাশীঘ্র বন্ধ করার জন্যে ভয় দেখানো হয়। এ সব ব্যাপারে ও কলেজের মধ্যস্থিত 'মাওবাণী' সম্বলিত 'স্ফুলিঙ্গ' নামে একটি দেওয়াল পত্রিকার ব্যাপারে দু'দল ছাত্রের চাপা দ্বন্দ্বের আবহাওয়া অত্যন্ত অশান্তি পূর্ণ ও শিক্ষায়তনটির পক্ষে যথেষ্ট প্রতিকুল বলে মনে হয়। আমরা এ ব্যাপারে প্রশাসনিক বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

---

### পরলোকগমন

রঘুনাথগঞ্জ শহরের অনতিদূরে ঘোড়শালা গ্রামের অশ্বিনীকুমার সরকার মহাশয় ৭৮ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি বহুদিন সিকিম হাইস্কুলে প্রধান শিক্ষকের পদে সুযশের সহিত কার্য্য করিয়াছিলেন। তিনি জঙ্গিপুর ফৌজদারী আদালতে অবৈতনিক বিচারকের পদে কার্য্য করিয়াছেন। তিনি দুই সহোদর ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার পরলোকগত আত্মার চির শান্তি কামনা করিতেছি।